# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## বার্ষিক প্রতিবেদন

## জুলাই ২০২০ থেকে জুন ২০২১

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ৯টি অনুষদ, ৬টি ইনস্টিটিউট, ৪৮টি বিভাগ, ৫টি গবেষণা কেন্দ্র এবং ১৪টি হল রয়েছে। অধিভুক্ত অনুষদ ১টি, ইনস্টিটিউট ১টি এবং ২৫টি কলেজ রয়েছে। বিভাগ ও ইনস্টিটিউটে সার্টিফিকেট, ডিপ্লোমা, স্নাতক ও স্নাতকোত্তর প্রোগ্রামে ২৭,৪৮৩ জন ছাত্র-ছাত্রী অধ্যয়নরত আছে। তম্মধ্যে ১৭,৫৫২ জন ছাত্র এবং ৯,৯৩১ জন ছাত্রী। এ বিশ্ববিদ্যালয়ে জুলাই ২০২০ হতে জুন ২০২১ পর্যন্ত সময়কালে ২৫ জন এম.ফিল. গবেষক ডিগ্রীপ্রাপ্ত হয়েছেন এবং ৩৩ জন পি-এইচ.ডি. ডিগ্রীপ্রাপ্ত হয়েছেন।

বর্তমানে চ.বি. শিক্ষকদের মধ্যে ২০২০-২০২১ অর্থ বছরে এম.ফিল. গবেষকের সংখ্যা ০৪ জন, পি-এইচ.ডি. গবেষকের সংখ্যা ৩৩ জন (১৫/০৬/২০২১ তারিখের ২৪০ তম সভায় এওয়ার্ড বাদ দিয়ে)।

বহিঃস্থ গবেষক: বহিঃস্থ এম.ফিল. গবেষকের সংখ্যা ১০০৪ জন, বহিঃস্থ পি-এইচ.ডি. গবেষক সংখ্যা ২৬০ জন, সর্বমোট (১০৬৪+২৬০)= ১২৬৪ জন (১৫/০৬/২০২১ তারিখে একাডেমিক কাউন্সিল ২৪০ তম সভার এওয়ার্ড বাদ দিয়ে)। চ.বি. শিক্ষক ও বহিঃস্থ গবেষকসহ সর্বমোট এম.ফিল. ও পি-এইচ.ডি. গবেষকের সংখ্যা (১২৬৪+৩৭)= ১৩০১ জন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বর্তমানে কর্মরত শিক্ষক রয়েছেন ৮৮৫ জন এর মধ্যে ৬৫৬ জন পুরুষ এবং ২২৯ জন নারী। ১৬-০৯-২০২১ তারিখে কর্মকর্তার সংখ্যা ৩৬৭ জন তন্মধ্যে পুরুষ- ৩১১ জন এবং নারী ৫৬ জন। চুক্তি ভিত্তিক ০১ জন, পি.আর.এল ভোগরত ০৮ জন। তৃতীয় শ্রেণীর কর্মচারীর সংখ্যা ৪৮৬ জন তন্মধ্যে পুরুষ- ৪৩৭ জন ও নারী- ৪৯ জন। এডহক ভিত্তিতে ০৫ জন, দৈনিক/ মাস্টাররোল/খন্ডকালীন ভিত্তিতে ৩০ জন। ৪র্থ শ্রেণী কর্মচারীর সংখ্যা ১০৫৬ জন তন্মধ্যে পুরুষ- ৯৭৯ এবং নারী- ৭৭ জন। মাস্টাররোল ভিত্তিতে ২৯ জন এবং দৈনিক ভিত্তিক ৫৪ জন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও অবকাঠামোগত উৎকর্ষতা বৃদ্ধির লক্ষ্যে "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও ভৌত অবকাঠামো উন্নয়ন (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি গত ০১/১২/২০১৫ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় মোট ২৯৭ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দ ধরে অনুমোদিত হয়। প্রকল্পের অর্ন্তগত ৬ষ্ঠ একাডেমিক ভবন (২য় কলা ও মানববিদ্যা অনুষদ ভবন), ৫ম একাডেমিক ভবন (জীব বিজ্ঞান অনুষদ ভবন), বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল এবং ছাত্র হলের প্রভোষ্ট ও হাউসটিউটরদের জন্য কোয়ার্টার নির্মাণ কাজ একেবারে সমাপ্তির পর্যায়ে রয়েছে। জননেত্রী শেখ হাসিনা হলের সিংহভাগ এবং উক্ত ছাত্রী হলের প্রভোষ্ট ও হাউসটিউটরদের জন্য কোয়ার্টার নির্মাণ কাজ ইতোমধ্যে সমাপ্ত করা হয়েছে এবং তা সংশ্লিষ্টদেরকে ব্যবহারের জন্য উন্মুক্ত করে দেয়া হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বৌদ্ধ ও অন্যান্য ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ের শিক্ষার্থী ৬২৪ জন শিক্ষার্থীদের (৩১২ জন ছাত্র এবং ৩১২ জন ছাত্রী) জন্য আবাসিক সুবিধা সৃষ্টির লক্ষ্যে ৩৫ কোটি ৫০ লক্ষ টাকা ব্যয় বরাদ্দের আওতায় "চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বৌদ্ধ ও অন্যান্য ধর্মীয় সংখ্যালঘু শিক্ষার্থীদের জন্য আবাসিক সুবিধা সৃষ্টিকরণ" শীর্ষক প্রকল্পের নির্মাণ কাজ সমাপ্তির পর্যায়ে রয়েছে।

বাংলাদেশ সরকারের অর্থায়নে বিশ্ববিদ্যালয়ের চারদিকে সীমানা-প্রাচীর নির্মাণ প্রকল্পের কাজ বিগত ১৩ ডিসেম্বর' ২০১৫ তারিখে শুরু হয়। বর্তমানে বিশ্ববিদ্যালয়ের উত্তর ও পূর্বদিকে সীমানা প্রাচীরের নির্মাণ কাজ মোটামুটি শেষ হয়েছে এবং দক্ষিণের সীমানা চিহ্নিত করে প্রাচীর নির্মাণের কাজ চলমান রয়েছে। ইতোমধ্যে অনেক বাঁধা বিপত্তি অতিক্রম করে উক্ত কাজের প্রায় ৭০% নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে।

২০২০-২১ অর্থ বছরে উন্নয়ন ও রাজস্ব বাজেটের আওতায় বিদেশে উচ্চতর ডিগ্রী (মাষ্টার্স/পি-এইচ.ডি) কোর্সে অধ্যয়ন এবং বিদেশে সেমিনার ও কনফারেন্সে যোগদানের জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে প্রায় ৯ লক্ষ টাকা অনুদান মঞ্জুরী দেয়া হয়েছে। আগামী ২০২১-২২ আর্থিক সালের জন্য রাজস্ব ও উন্নয়ন খাতে এ বাবদ ৬৫.৫০ (পয়ষট্টি লক্ষ পঞ্চাশ হাজার) লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে।

২০২০-২০২১ আর্থিক সালে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক বিশেষ মেরামত মঞ্জুরী খাতে বরাদ্দকৃত ৩ কোটি ২০ লক্ষ টাকার আওতায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হল, একাডেমিক ভবন ও স্থাপনা মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন করা হয়েছে।

অতি সম্প্রতি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৫০ বছর মেয়াদী Digital Master Plan এর আওতায় বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক অবকাঠামোগত উন্নয়ন ও একাডেমিক কর্মকান্ডে উৎকর্ষতা বৃদ্ধি, ক্যাম্পাসে শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীদের আবাসিক সুবিধা সৃষ্টিসহ শিক্ষার পরিবেশগত মানোন্নয়নের লক্ষ্যে আগামী ৫ বৎসরে বাস্তবায়নের লক্ষ্য নিয়ে মোট ১ হাজার ৯০ কোটি ৮ লক্ষ ৯৮ হাজার টাকা ব্যয় বরাদ্দের প্রস্তাব রেখে

"চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মহাপরিকল্পনা বাস্তবায়ন (প্রথম পর্যায়)" শীর্ষক একটি প্রকল্প প্রস্তাব অনুমোদনের নিমিত্তে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাধ্যমে শিক্ষা মন্ত্রণালয়ে পেশ করা হয়েছে। উক্ত প্রকল্প প্রস্তাবে ২য় বিজ্ঞান অনুষদ ভবন, সায়েন্টিফিক রিসার্চ ল্যাব, ২য় প্রশাসনিক-কাম-সিনেট ভবন, টিএসসি ভবন, শিক্ষার্থীদের জন্য ২টি আবাসিক হল, শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের জন্য আবাসিক ভবন, বিদেশী শিক্ষার্থী ও অতিথিদের জন্য দুইটি পৃথক আধুনিক ডরমেটরী ভবন, ট্রান্সপোর্ট কমপ্লেক্স, ক্যাম্পাসব্যাপী রিং রোড, সারফেস ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট, বৈদ্যুতিক সাব-ষ্টেশন ইত্যাদি নির্মাণ কাজ অন্তর্ভুক্ত রাখা হয়েছে। এসব কাজ বাস্তবায়ন সম্ভব হলে বিশ্ববিদ্যালয়ের প্রস্তাবিত মাষ্টার প্ল্যান এর আওতায় ব্যাপক একাডেমিক ও অবকাঠামোগত উন্নয়ন সাধিত হবে।

২০২০-২১ আর্থিক সালে বিভিন্ন মন্ত্রণালয়/সংস্থার অর্থায়নে অনেকগুলো গবেষণা প্রকল্প হাতে নেয়া হয়েছে, যেগুলো বাস্তবায়নের জন্য এ বিশ্ববিদ্যালয়ের বরিষ্ঠ শিক্ষকদের পাশাপাশি এগিয়ে এসেছে আমাদের তরুণ শিক্ষকবৃন্দ। উল্লেখ্য, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীনে জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের বরাদ্দকৃত ০৬ কোটি টাকায় বাস্তবায়নাধীন "জলবায়ু পরিবর্তন জনিত বিরূপ পরিবেশ সহিষ্ণু শস্য উদ্ভাবনের লক্ষ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে একটি গ্রীণ হাউজ স্থাপন" শীর্ষক প্রকল্পটি বিশ্ববিদ্যালয়ের অর্জনের মুকুটে একটি নতুন পালক সংযোজন করবে বলে আমি মনে করি। এর আওতায় একটি আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত গ্রীণ হাউস নির্মাণ কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে।

৫ম একাডেমিক ভবনের (জীব বিজ্ঞান অনুষদ) ৪র্থ পর্যায়ের নির্মাণ, জননেত্রী শেখ হাসিনা হলের ২য় পর্যায়ের নির্মাণ কাজ, মেরিন সায়েন্সেস এন্ড ফিশারীজ অনুষদের সম্মুখে ১টি আর.সি.সি. গার্ডার ব্রীজ নির্মাণ কাজ, শহীদ মিনারের নিকটস্থ ৫০,০০০ গ্যালন ধারণ ক্ষমতা সম্পন্ন ওভার গ্রাউন্ড পানির ট্যাংক নির্মাণ ইত্যাদি কাজসমূহ প্রায় সমাপ্তির দিকে। চ.বি. বৌদ্ধ ও অন্যান্য ধর্মীয় সংখ্যালঘু শিক্ষার্থীদের (ছাত্র ও ছাত্রী) ২টি হলের জন্য, জননেত্রী শেখ হাসিনা হলের ২য় পর্যায়ের (৪১০ আসনের) জন্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের জন্য কাঠের আসবাবপত্র BFIDC হতে ক্রয় করা হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ও রক্ষণাবেক্ষন কাজের বিপরীতে প্রায় ১০ কোটি টাকার কাজ সমাপ্ত হয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ও রক্ষণাবেক্ষনে আনুমানিক ২০০ কোটি টাকার কাজ চলমান রয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উন্নয়ন ও রক্ষণাবেক্ষনে কাজে আনুমানিক ১৫ কোটি টাকার কাজ প্রক্রিয়াধীন রয়েছে ।

উদ্ভিদ উদ্যানে ৫১৬টি প্রজাতির উদ্ভিদ আছে। উদ্যানের দক্ষিণ পার্শ্বে ০১টি মিশ্রফলের বাগান তৈরী করা হয়েছে, যেখানে ১১০টি বিভিন্ন প্রজাতির দেশী বিদেশী ফলের গাছ লাগানো হয়েছে। উদ্যানের অর্কিড হাউজে দেশী বিদেশী অর্কিড সংগ্রহ ও ক্রয় করে অর্কিড হাউজকে সমৃদ্ধ করা হয়েছে। এখানে ১২০টি দেশি ও ২৫ টি বিদেশি প্রজাতির অর্কিড বর্তমানে সংরক্ষিত আছে। উদ্যান অফিসের পাশের লেবু বাগান কে Citrus Garden Conservatory তে রূপান্তর করা হয়েছে। সেখানে ৩০ জাতের লেবু জাতীয় গাছ লাগানো হয়েছে। উদ্যানে পশ্চিম পাশে ২টি Ring Garden তৈরী করা হয়েছে। যেখানে বিভিন্ন প্রজাতির দুর্লভ Herbs জাতীয় উদ্ভিদ লাগানো হয়েছে। উদ্যানের পশ্চিম পাশে বিবিধ বাগানকে বর্ধিত করে সেখানে বিভিন্ন প্রজাতির ১০০০টি চারা লাগানো হয়েছে। উদ্যানের পূর্ব পার্শ্বের পাহাড়ে গর্জন বাগান সৃষ্টির লক্ষ্যে ২০০টি গর্জন চারা লাগিয়ে শূন্যস্থান পূরণ করা হয়েছে। গত বছর উদ্যানের বিভিন্ন স্থানে বিভিন্ন প্রজাতির ১,৮০০টি গাছের চারা লাগানো হয়েছে।

১৯৮৩ সাল হতে ২০২১ ইং সাল পর্যন্ত মোট ৩৯ বছর প্রতিবছর ১০,০০০ (দশ হাজার) করে (১০,০০০×৩৯) মোট ৩,৯০,০০০টি (তিন লক্ষ নব্বই হাজার) চারা রোপন করা হয়েছে। এর মধ্যে থেকে বিভিন্ন সময়ে প্রাকৃতিক দূর্যোগ, ভবন নির্মাণ, রাস্তা নির্মাণ, বাড়িঘর তৈরী, পাহাড়ি আগুনে পুড়ে যাওয়া, চুরি হয়ে যাওয়া, উপড়ে পড়া, মরে যাওয়া ইত্যাদি কারণে ক্ষতিগ্রস্থ গাছ নিলামে বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত নিলাম কমিটির মাধ্যমে বিক্রি করে এ পর্যন্ত মোট ১,৩৯,১৩,২০৪ (এক কোটি ঊনচল্লিশ লক্ষ তের হাজার দুইশত চার) টাকা বিশ্ববিদ্যালয় তহবিলে (STD-1 খাতে) জমা করা হয়েছে।

উদ্যানে বিভিন্ন রকম চারা তৈরির উদ্দেশ্যে দুটি স্থায়ী Seed bed (১০′×৪′) তৈরী, একটি নার্সারী হাউজ নির্মাণ, একটি ক্যাক্টাস হাউজ তৈরি, চা বাগানের একটি প্রদর্শনী প্লট তৈরী, উদ্যানে পাকুড় গাছের নীচে বিশ্ববিদ্যালয় লোগো সম্বলিত ১টি দৃষ্টিনন্দন স্থাপনা নির্মাণ, উদ্যানের দক্ষিন পাশে একটি Bambusetum তৈরী করা হয়েছে। উদ্যানের সম্মুখ ভাগে একটি Water Garden তৈরী করা হয়েছে। যেখানে বিভিন্ন প্রজাতির দূর্লভ ও বাহারী জলজ উদ্ভিদ সংরক্ষিত থাকবে। উদ্যানের দক্ষিণ পাশে Mangrove প্রজাতির ১টি প্রদর্শনী প্লটও তৈরী করা হয়েছে।

২০২০-২০২১ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষক ও শিক্ষার্থী ফুলব্রাইট স্কলারশীপ, কমনওয়েলথ স্কলারশিপ, ইউরোপিয়ান ইরাসমাস মুনডুস, জার্মানীর DAAD স্কলারশীপ, জাপানিজ মেক্সট স্কলারশিপ সহ মর্যাদাপূর্ণ বৃত্তি অর্জন করে উচ্চশিক্ষার জন্য বিদেশ গমন করেছেন। এ বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষক ও শিক্ষার্থী এ অর্থ বছরে বিভিন্ন প্রতিযোগিতাপূর্ণ গবেষণা অনুদানের জন্য আবেদন করে কৃতিত্বের সাথে সফলতা অর্জন করে বিপুল গবেষণা অনুদান লাভ করেছেন। কোভিড-১৯ মহামারীতে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও গবেষকেরা অত্যন্ত কৃতিত্বের সাথে দেশের ১৪ টি আরটিপিসিআর ল্যাবরেটরি'তে বিজ্ঞানী হিসাবে কাজ

করে অসামান্য ভূমিকা পালন করছেন। করোনার মরণ ছোবল যখন চারদিকে বিস্তৃতি লাভ করছিলো, ঠিক তখনই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাণ রসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের সর্বাধুনিক পিসিআর (PCR) যন্ত্রটি ভাটিয়ারির বাংলাদেশ ইনস্টিটিউট অব টপিক্যাল এবং ইনফেকশাস ডিজিজ (বিআইটিআইডি)-তে স্থাপন করে করোনা পরীক্ষায় এক নতুন মাত্রা যোগ করেছিল। চট্টগ্রামে করোনা বিস্তার এবং মৃত্যুর পরিসংখ্যান যখন লাফিয়ে লাফিয়ে বাড়ছিলো তখন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একদল গবেষক ড. রবিউল হাসান ভুঁইয়ার নেতৃত্বে নেক্সট জেনারেশন সিকুয়েন্সার (NGS) ব্যবহার করে চট্টগ্রাম বিভাগের ১১ টি জেলার করোনা ভাইরাসের জেনোম সিকুয়েন্সিং করেন। এ আবিষ্কার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের জন্য বিপুল সুনাম বয়ে নিয়ে আসে।

জুন ২০২০ সালে প্রতিষ্ঠিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কোভিড টেস্টিং ল্যাব বৃহত্তর চট্টগ্রামের কোভিড-১৯ এর সংক্রমণ মোকাবিলায় উল্লেখযোগ্য অবদান রাখে। ইতোমধ্যে এ ল্যাবে চট্টগ্রামের ফটিকছড়ি, রাউজান, হাটহাজারী, হালিশহর, আনোয়ারা, দামপাড়া পুলিশ লাইন, বিবিরহাট, কুলগাঁও সহ বিভিন্ন এলাকার প্রায় ৫৫ হাজার কোভিড টেস্ট করা হয়েছে এবং একটি নির্ভরযোগ্য কোভিড টেস্টিং ল্যাব হিসেবে এটি এখনও চালু রয়েছে যেখানে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১০ জন শিক্ষক ও ১৫ জন শিক্ষার্থী নিয়মিতভাবে দিনরাত কাজ করছেন।

এখানে উল্লেখ্য যে, ২০২১ সালে প্রকাশিত আন্তর্জাতিক সংস্থা SCIMAGO (www.scimagojr.com) এর Computer Science Catagory রেংকিং-এ University of Chittagong বাংলাদেশের মধ্যে প্রথম অবস্থান অর্জন করেছে।

দেশের সামুদ্রিক ও মৎস্য সেক্টরে গবেষণা ক্ষেত্রে মেরিন সায়েন্সেস অ্যান্ড ফিশারিজ অনুষদভুক্ত ইনস্টিটিউট/বিভাগসমূহের অনবদ্য অবদানের বিষয়ে সরকারের সর্বোচ্চ পর্যায় ওয়াকিবহাল। সামুদ্রিক গবেষণা এবং সুনীল অর্থনীতিতে অনুষদের ভূমিকাকে আরও তরান্বিত করতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ২৮.০৩.২০১৭ তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদ (একনেক) সভায় ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস অ্যান্ড ফিশারিজ (বর্তমানে মেরিন সায়েন্সেস অ্যান্ড ফিশারিজ অনুষদ) এর ভৌত-অবকাঠামো তৈরির লক্ষ্যে ৭২,১০,০০,০০০/- (বাহাত্তর কোটি দশ লক্ষ টাকা) অনুমোদন দিয়েছেন। গুরুত্বপূর্ণ "ইনস্টিটিউট অব মেরিন সায়েন্সেস অ্যান্ড ফিশারিজ এর গবেষণা ও সক্ষমতা বৃদ্ধি প্রকল্পটির" কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলছে। মেরিন সায়েন্স এন্ড ফিশারিজ এর ল্যাবরেটোরির জন্য সরকার থেকে কক্সবাজারে একটি জায়গা বরাদ্দ প্রাপ্তির প্রক্রিয়া প্রায় সমাপ্তির পথে।

গ্রন্থাগারে পাঠকের চাহিদার উপর গুরুত্বারোপ করে দেশের অন্যান্য বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের ন্যায় এ বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারেও আন্তর্জাতিক মানের Software-Koha চালু রয়েছে। গ্রন্থাগারের Web-page (OPAC) এর মাধ্যমে গ্রন্থাগারে সংগৃহীত বইয়ের Bibliographical information পাওয়া যাচ্ছে। ইউজিসি ডিজিটাল লাইব্রেরী কনসোটিয়াম এর মাধ্যমে সাবস্ক্রাইবকৃত JSTOR, Emerald, ACM, IEEE ই-জার্নাল ও Emerald, Cambridge University Press, McGraw Hill, Oxford University Press, Pearson, Sage, Springer, T&T, World Scientific, Wiley এর ই-বুক এক্সেস সুবিধাদি বর্তমানে কার্যকর রয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারে COVID-19 আক্রান্ত রোগীর সেবাদান কল্পে ১৩ (তের) শয্যা বিশিষ্ট COVID-19 Primary Care Centre স্থাপন কার্যক্রম সম্পন্ন হয়েছে। COVID-19 সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষিত ডাক্তারসহ অন্যান্য জনবল নিয়োগ কার্যক্রম হাতে নেয়া হয়েছে। ০২ টি নতুন এ্যাম্বুলেন্স সংযোজন প্রক্রিয়া চলছে। প্যাথলজিক্যাল ল্যাবের আধুনিকায়নের কাজ যেমনঃ অটো-এনালাইজার, সেলকাউন্টার মেশিন, ই.সি.জি. মেশিন, অটোক্লেব মেশিন ও সাকশন মেশিনসহ আধুনিক অন্যান্য যন্ত্রপাতি সংগ্রহ ও সংযোজন করা হয়েছে। অসুস্থ ছাত্র-ছাত্রীদের সিক বেডে পরীক্ষা নেওয়ার ব্যবস্থা আধুনিকায়ন করা হয়েছে। এছাড়াও দিন রাত ২৪ ঘন্টা সেবা প্রদান, অসুস্থ্য রোগীদের জন্য ২৪ ঘন্টা এ্যাম্বুলেন্স সেবা চালু আছে। ছাত্র-ছাত্রীদেরকে বিনামূল্যে ঔষধ সরবরাহ করা (ঔষধ মজুদ থাকা সাপেক্ষে) চ.বি. চিকিৎসা কেন্দ্রে সেন্ট্রাল অক্সিজেন সিষ্টেম চালুকরণ প্রক্রিয়া সমাপ্ত হয়েছে। পরবর্তী পর্যায়ে I.C.U/C.C.U Unit চালুর ব্যবস্থা করণ এবং X-Ray Unit স্থাপন প্রক্রিয়া চলমান আছে। অতি আন্তরিকতার সাথে ফিজিওথেরাপি এন্ড স্পোর্টস ইঞ্জুরী রিহ্যাব বিষয়ক বিভিন্ন কর্মসূচী সময়ে সময়ে সম্পন্ন করা হয়। গণ-সচেতনতা বৃদ্ধি এবং স্বাস্থ্য সেবার মানোন্নয়নের লক্ষ্যে বিনামূল্যে মেডিকেল সেন্টারে চিকিৎসা বিষয়ক কর্মসূচী সম্পন্ন হয়ে থাকে। দৃষ্টি প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের পাহাড়তলী চক্ষু হাসপাতালের মাধ্যমে সুচিকিৎসার ব্যবস্থাসহ COVID-19 এ আক্রান্ত রোগীদের দ্রুততম সময়ে COVID চিকিৎসায় নিয়োজিত সরকারী/বেসরকারী হাসপাতালে প্রেরণের জন্য একটি এ্যাম্বুলেন্স ২৪ ঘন্টা নিয়োজিত রাখার ব্যবস্থা করা হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রেস থেকে বিভিন্ন বিভাগ দপ্তরের যাবতীয় টেবুলেশন শিট ও মার্কশিট, প্রয়োজনীয় পরীক্ষার খাতা, যাবতীয় ফরম, রেজিস্টার, ডায়েরি, দেয়াল ও টেবিল ক্যালেন্ডার বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন সময়ে

অনুষ্ঠিত সেমিনার, পোষ্টার, প্রসিডিংসসহ বিভিন্ন ধরনের লেজার, লেটার হেডসহ চ. বি. ল্যবরেটরি স্কুল ও কলেজ এর সিলেবাস এবং স্কুল ডায়েরি মুদ্রণ করে সরবরাহ করা হয়েছে। মুজিব বর্ষকে প্রতিপাদ্য করে ২০২১ সনের ৩,৫০০টি ডায়েরিতে মুজিব বর্ষের লোগোসহ মুদ্রণ করে যথাযথভাবে সরবরাহের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর কর্তৃক নির্বাচিত ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোঃ নূরে আলম কর্তৃক লিখিত প্রাচীন ইরানের ভাষা, সংস্কৃতি ও সভ্যতা শীর্ষক ১২০ পৃষ্ঠার ৩০০ কপি বই, সমাজ বিজ্ঞান অনুষদের ১টি ৩০০ কপির জার্নাল, আইন অনুষদের জার্নাল ১টি ৩০০ কপি, জীব বিজ্ঞান অনুষদের ১টি ৩০০ কপির জার্নাল, বিজ্ঞান অনুষদের ১টি ৩০০ কপির জার্নাল এবং কলা ও মানববিদ্যা অনুষদের ১টি ৩০০ কপির জার্নালসহ সর্বমোট ৫টি জার্নালের ১৫০০ কপি এ অর্থবছরে মুদ্রণ ও বাইন্ডিং করে ইতোমধ্যে সরবরাহ করা হয়েছে।

তারিখ ভিত্তিক কার্যক্রম নিম্নে উল্লেখ করা হলো ঃ

**জুলাই ২০২০**

৭.৭.২০২০- কোভিড-১৯ রোগের চিকিৎসা সহায়তায় চবি মেডিকেল সেন্টারের আধুনিয়কায়নে Chittagong University Alumni Association of Canada Inc এর ১০ লক্ষ টাকা অনুদান প্রদান।

১০.৭.২০২০- সাবেক স্বরাষ্ট্র মন্ত্রী এডভোকেট সাহারা খাতুনের মৃত্যুতে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর গভীর শোক ও দুঃখ প্রকাশ।

১১.৭.২০২০-বাংলাদেশসহ বিশ্বব্যাপি করোনাভাইরাস মহামারী আকার ধারণ করায় শুরু থেকে চবি পরিবারের সদস্যদের সুরক্ষা দিতে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার চবি মেডিকেল সেন্টারের সক্ষমতা বৃদ্ধি ও আধুনিয়কায় এবং বৃহত্তর চট্টগ্রামের জনগোষ্ঠীর সুবিধার্থে চবিতে করোনা টেস্টিং ল্যাব স্থাপনসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেন এবং সার্বক্ষণিক ক্যাম্পাসে অবস্থান করে করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সম্মুখ সারিতে থেকে নেতৃত্ব দেন। এ ছাড়াও চবির অস্থায়ী কর্মচারী, চতুর্থ শ্রেণি কর্মচারীসহ গরীব শিক্ষার্থীদের বিভিন্ন ধরনের সহায়তা প্রদানসহ করোনা প্রতিরোধে সবধরনের কার্যক্রমে তিনি সামনে থেকে নেতৃত্ব দেন। এ সব কারণে মাননীয় উপাচার্য পরিবারসহ কোভিড-১৯ পজিটিভ হলে চট্টগ্রাম সম্মিলিত সামরিক হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা গ্রহণ করেন। মাননীয় উপাচার্য এ অদৃশ্য ভাইরাস থেকে সুস্থ হতে চবি পরিবারসহ সকলের কাছে দোয়া কামনা করেন।

১৬.৭.২০২০-চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে চবি কোভিড-১৯ সনাক্তকরণ ল্যাবের জন্য ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর নিকট হস্তান্তর করেন।

১৭.৭.২০২০-মহামান্য রাষ্ট্রপতি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মান্যবর চ্যান্সেলর জনাব মোঃ আবদুল হামিদ এর ছোট ভাইয়ের মৃত্যুতে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর গভীর শোক ও দুঃখ প্রকাশ।

**আগষ্ট ২০২০**

৭.৮.২০২০-চবি গণিত বিভাগের প্রফেসর শফিউল আলম তরফদার এর মৃত্যুতে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর গভীর শোক ও দুঃখ প্রকাশ।

১১.৮.২০২০-চবি মেডিকেল সেন্টার আধুনিয়কায়ন ও করোনা চিকিৎসায় চবি এলামনাই এসোসিয়েশনে গ্লোবাল এর পক্ষ থেকে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর নিকট ৪ লক্ষ টাকা অনুদান প্রদান করেন।

১৫.৮.২০২০- মহাকালের মহানায়ক স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসনের উদ্যোগে উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে 'বঙ্গবন্ধু'র জীবন ও কীর্তি' এবং 'শোকাবহ ১৫ আগস্ট' শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

১৫.৮.২০২০-চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের অবসরপ্রাপ্ত শিক্ষক, একুশে পদক এবং স্বাধীনতা পুরষ্কারপ্রাপ্ত বরেণ্য চিত্রশিল্পী প্রফেসর মুর্তজা বশীর এর মৃত্যুতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

১৬.৮.২০২০-কোভিড-১৯ চিকিৎসা সহায়তা ও চবি মেডিকেল সেন্টারের সামগ্রিক উন্নয়নের জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অব সাউথ এন্ড ওয়েস্ট ইউএসএ (CUASWA) এর পক্ষ থেকে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতারের নিকট ২০ লক্ষ টাকা অনুদান প্রদান করেছেন।

১৭.৮.২০২১-কোভিড-১৯ আক্রান্তদের চিকিৎসা সেবা এবং চবি মেডিকেল সেন্টার আধুনিকায়নে চিটাগং ইউনিভার্সিটি এলামনাই ফোরাম-ইস্ক (DC, METRO AREA-CUAFI) এর পক্ষ থেকে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতারের নিকট ৪ লক্ষ ৩০ হাজার টাকা অনুদান প্রদান করেছেন।

**সেপ্টেম্বর ২০২০**

১.৯.২০২০- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আইন বিভাগের প্রতিষ্ঠাকালীন সভাপতি, সাবেক ডিন, বাংলাদেশ আইন কমিশনের সাবেক সদস্য ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান, আইন শাস্ত্রের বহু গ্রন্থ প্রণেতা, বিশিষ্ট আইনজ্ঞ, বীর মুক্তিযোদ্ধা প্রফেসর ড. এম শাহ আলমের মৃত্যুতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

৬.৯.২০২০- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসনিক কার্যক্রমে অধিকতর গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে সকল অফিস প্রধানদের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন।

৮.৯.২০২০- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার-এর সাথে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)'র নবনিযুক্ত পূর্ণকালীন সদস্য প্রফেসর ড. মোহাম্মদ আবু তাহের উপাচার্যের অফিস কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন।

১০.৯.২০২০- চবি সমাজ বিজ্ঞান অনুষদের উদ্যোগে উক্ত অনুষদভুক্ত বিভাগসমূহের সম্মানিত শিক্ষকবৃন্দের জন্য চবি যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ডিজিটাল মাল্টি মিডিয়া ল্যাবে দিনব্যাপি অনুষ্ঠিত 'অনলাইন ক্লাস পরিচালনা কৌশল' শীর্ষক কর্মশালা ভিডিও কনফারেন্সের মাধ্যমে উদ্বোধন করেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

১৩.৯.২০২০- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিনেট এর ৩২ তম বার্ষিক সভা চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

১৭.৯.২০২০-জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উপলক্ষে ইন্সটিটিউশন অব ফরেস্টার্স বাংলাদেশ (আইএফবি)'র উদ্যোগে এবং চবি বনবিদ্যা ও পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউটের সহযোগিতায় চবি মেডিকেল সেন্টার সংলগ্ন এলাকায় বৃক্ষরোপন কর্মসূচি-২০২০ উদ্বোধন করেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

১৭.৯.২০২০- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ২৭তম ব্যাচের বন্ধুদের উদ্যোগে প্রতিষ্ঠিত সেবামূলক সংগঠন 'সেবা ফাউন্ডেশন' এর পক্ষ থেকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির মাধ্যমে চবি মাইক্রোবায়োলজি বিভাগের অসুস্থ শিক্ষার্থীর চিকিৎসা সহায়তায় ২০ হাজার টাকা এবং চবি শিক্ষার্থীদের জন্য আর্থিক অনুদান চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার-এর নিকট হস্তান্তর করা হয়।

২০.৯.২০২০- চবি চারুকলা ইনস্টিটিউট আয়োজিত ইনস্টিটিউটের পরিচালকের কক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চারুকলা ইনস্টিটিউটের ৫০ বছর পূর্তির উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

২৬.৯.২০২০-চবি'র সাবেক উপাচার্য, চবি মার্কেটিং বিভাগের প্রতিষ্ঠাকালীন সভাপতি বরেণ্য শিক্ষাবিদ প্রফেসর এ জে এম নুরুদ্দীন চৌধুরীর মৃত্যুতে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

২৭.৯.২০২০-হাটহাজারী-৫ আসনের মাননীয় সংসদ সদস্য ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার-এর সাথে উপাচার্যের অফিস কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন।

২৮.৯.২০২০- জাতিসংঘের ইউনেস্কো কর্তৃক গঠিত Intergovernmental Oceanographic Commissioon (IOC) ২০২১ থেকে ২০৩০ পর্যন্ত এ ১০ বছরকে সমুদ্র বিজ্ঞানের দশক ঘোষণা করেছে। সমুদ্র সম্পর্কে মানুষের জানার আগ্রহ বাড়াতে, সামুদ্রিক পরিবেশ এবং সমুদ্র সম্পদ ও শক্তির টেকসই অন্বেষণ ও আহরণের জাতীয় ও আন্তর্জাতিকভাবে সবাইকে উদ্বুদ্ধ করতে এবং সমুদ্র গবেষণায় যথাযথ বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়নে অনুপ্রাণিত করতে তথা সমুদ্র শিক্ষা ও গবেষণার প্রসারের জন্য জাতিসংঘ আগামী দশককে (২০২১-২০৩০) সমুদ্রবিজ্ঞান ও টেকসই উন্নয়নের দশক হিসেবে ঘোষণা করেছে। চবি উপাচার্য দপ্তরে জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়নের জন্য সমুদ্রবিজ্ঞান দশক (২০২১-২০৩০) বাস্তবায়নে চবি ওশানোগ্রাফি বিভাগের কর্মসূচি উদ্বোধন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

**অক্টোবর ২০২০**

৪.১০.২০২০- চবি উদ্ভিদ বিজ্ঞান বিভাগ আয়োজিত বোটানিক্যাল গার্ডেনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উপলক্ষে বৃক্ষ রোপন কর্মসূচি ২০২০-এর উদ্বোধন করেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

৫.১০.২০২০-চবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ডিজিটাল মাস্টার প্ল্যান প্রণয়নের জন্য নিয়োজিত পরামর্শদাতা প্রতিষ্ঠান Sheltech Consultants (Pvt) Ltd. Sheltech Private Ltd. (J.V.) কর্তৃক প্রণীত ডিজিটাল মাস্টার প্ল্যানের ওপর প্রস্তাবিত সংশোধিত চূড়ান্ত ডিজাইন, ড্রয়িং এবং ড্রাফট রিপোর্ট সম্পর্কে Public Hearing with the Stakeholders-এর এক সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। সভায় অনলাইনে আলোচনায় অংশগ্রহণ করেন জাতীয় সংসদের চট্টগ্রাম–৫ (হাটহাজারী) এলাকার মাননীয় সংসদ সদস্য ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, ইউসিজি'র সাবেক চেয়ারম্যান ও চবি পরিকল্পনা ও উন্নয়ন কমিটির সম্মানিত সদস্য প্রফেসর আবদুল মান্নান এবং বিভিন্ন পর্ষদের সম্মানিত সদস্যবৃন্দ।

৫.১০.২০২০- একুশে পদকপ্রাপ্ত বিশিষ্ট শিল্পী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চারুকলা ইনস্টিটিউটের অবসরপ্রাপ্ত প্রফেসর মোহাম্মদ মনসুর-উল- করিমের মৃত্যুতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

৬.১০.২০২০- মিশরের আল-আজহার বিশ্ববিদ্যালয়ের সাথে উচ্চ শিক্ষা ও গবেষণার ক্ষেত্র সম্প্রসারণ এবং শিক্ষক-শিক্ষার্থী বিনিময় সম্পর্কিত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ইতোপূর্বে সম্পাদিত সমঝোতা (MOU) চুক্তির আলোকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আরবি এবং ইসলামিক স্টাডিজ বিভাগের ৫ জন শিক্ষার্থী উচ্চ শিক্ষায় চার বছর মেয়াদি পূর্ণ স্কলারশিপ নিয়ে আগামী ১০ অক্টোবর ২০২০ মিশরের আল-আজহার বিশ্ববিদ্যালয়ের উদ্দেশ্যে রওনা হওয়ার প্রাক্কালে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর সাথে তাঁর অফিস কক্ষে সৌজন্য সাক্ষাৎ ও মতবিনিময় সভায় মিলিত হন।

৯.১০.২০২০-চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অকৃত্রিম বন্ধু যুক্তরাজ্যেও ক্যামব্রিজ বিশ্ববিদ্যালয়ের প্রফেসর স্যার রজার পেনরোজ ২০২০ সালে অন্য আরো দুইজনের সাথে পদার্থ বিজ্ঞানে নোবেল পুরস্কার পাওয়ায় চবি পরিবারের পক্ষ থেকে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার তাঁকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করেন।

২৫.১০.২০২০-২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তিও পরিকল্পনা বিষয়ে প্রাথমিক আলোচনা সম্পর্কিত ডিনস কমিটির এক সভা চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর সভাপতিত্বে চবি চারুকলা ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়।

২৮.১০.২০২০-চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রথম বিভাগীয় সভাপতি অবসরপ্রাপ্ত প্রফেসর ড. খান তৌহিদ ওসমানের মৃত্যুতে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন।

২৯.১০.২০২০-বাংলাদেশসহ বিশ্বব্যাপি করোনাভাইরাস মহামারী আকার ধারণ করায় সরকারী নির্দেশনায় দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষার্থীদের একাডেমিক কার্যক্রম পুষিয়ে নিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসন ইতোমধ্যে অনলাইন ভিত্তিক শিক্ষা কার্যক্রম চালু করেছে এবং এ কার্যক্রম নিয়মিত অব্যাহত আছে। উক্ত অনলাইন কার্যক্রমে সকল শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করতে চবি প্রশাসন প্রত্যেক শিক্ষার্থীকে প্রতিমাসে সাশ্রয়ী মুল্যে ১৫ জিবি ডাটাপ্যাক প্রদান করবে। এরই আলোকে চবি প্রশাসনকে সাশ্রয়ী রেটে ডাটাপ্যাক সরবরাহ করার লক্ষ্যে ২৯ অক্টোবর ২০২০ বেলা ১১ টায় চবি চারুকলা ইনস্টিটিউটে মোবাইল কোম্পানী 'রবি আজিয়াটা লিমিটেড' এর সাথে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসনের এক সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে চবি সিনেট ও সিন্ডিকেট সদস্যবৃন্দ, ডিনবৃন্দ, চবি শিক্ষক সমিতির প্রতিনিধিবৃন্দ, কলেজ পরিদর্শক, প্রভোস্টবৃন্দ, বিভাগের সভাপতিবৃন্দ, ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রের পরিচালকবৃন্দ, গঠিত কমিটির সদস্যবৃন্দ আইসিটি সেলের পরিচালক এবং সহকারী পরিচালকবৃন্দ, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ, ছাত্র-ছাত্রী নির্দেশনা ও পরামর্শ কেন্দ্রের পরিচালক, অফিস প্রধানবৃন্দ, রবি আজিয়াটা লিমিটেডের জিএম (টেকনিক্যাল) জনাব অনুপম কুমার দে, ম্যানেজার (কর্পোরেট) জনাব কায়সার হামিদ ফরহাদ, জনাব আবদুল্লাহ আল মামুন, জনাব মোস্তফা আল মামুন, জনাব তৌহিদ কামাল চৌধুরী ও জনাব ওমর হায়াত চৌধুরী এবং সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সমঝোতা চুক্তিতে চবি'র পক্ষে চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর এস এম মনিরুল হাসান এবং রবি আজিয়াটা লিমিটেডের পক্ষে সি.ই.বি.ও. জনাব মোঃ আদিল হোসেন (নোবেল) স্বাক্ষর করেন।

**নভেম্বর ২০২০**

১৪.১১.২০২০-১৪ নভেম্বর ২০২০ বেলা ১১টায় চবি ক্যাম্পাস এলাকায় প্রস্তাবিত বঙ্গবন্ধু হাই-টেক পার্ক নির্মাণের কার্যক্রম শুরুর ব্যাপারে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য বাংলাদেশ হাই-টেক কর্তৃপক্ষের সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক (সচিব) জনাব হোসনেআরা বেগম, এনডিসি'র নেতৃত্বে একটি উচ্চ ক্ষমতা সম্পন্ন বিশেষজ্ঞ টিম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর সাথে তাঁর অফিস কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন এবং এক মতবিনিময় সভায় মিলিত হন। প্রতিনিধি দলের অন্য সদস্যবৃন্দ হলেন-বাংলাদেশ হাই-টেক কর্তৃপক্ষের অর্থ ও প্রশাসন বিভাগের পরিচালক (যুগ্মসচিব) জনাব এ এন এম সফিকুল ইসলাম, যুগ্মসচিব জনাব সৈয়দ জহুরুল ইসলাম, যুগ্মসচিব জনাব মোঃ মোস্তফা কামাল, অর্থ ও প্রশাসন বিভাগের উপ পরিচালক জনাব খাদিজা আক্তার, অপারেশন ও মেইনটেন্যান্স বিভাগের উপ পরিচালক জনাব নরোত্তম পাল এবং সহকারী পরিচালক (বিনিয়োগ) জনাব শাহরিয়ার আল হাসান।

১৪.১১.২০২০-সনাতন ধর্ম পরিষদ, চবি'র উদ্যোগে আয়োজিত শ্যামা পূজা ও দীপাবলী উৎসব ২০২০ উপলক্ষে চবি উত্তর ক্যাম্পাসস্থ কেন্দ্রীয় মন্দির প্রাঙ্গনে প্রদীপ প্রজ্জ্বলন উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

১৫.১১.২০২০- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে চবি শিক্ষক/কর্মচারীদের স্বল্প সুদে গৃহ নির্মাণ ঋন প্রদানের জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থমন্ত্রণালয়ের অর্থ বিভাগের সাথে ৫ নভেম্বর ২০২০ বাংলাদেশ সচিবালয়ে ত্রিপক্ষীয় সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তির কপি চবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মোঃ এমদাদুল হক ও সাধারণ সম্পাদক জনাব মনজুরুল আলম চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর কাছে হস্তান্তর করেন।

১৭.১১.২০২০- নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ এ বছর 'বেগম রোকেয়া পদক-২০২০' এর জন্য মনোনীত হলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট কথা সাহিত্যিক কলামিস্ট প্রফেসর ড. শিরীণ আখতার। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ১৫ নভেম্বর ২০২০ তারিখের ৩২.০০.০০০০.০৪২.২৩.০০৯.২০-২৬৩ স্মারকমূলে তাঁকে এ মনোনয়ন প্রদান করেন। প্রফেসর ড. শিরীণ আখতার এ পদকের জন্য মনোনীত হওয়ায় পরম করুণাময় সৃষ্টিকর্তার দরবারে অশেষ শুকরিয়া আদায় করেন। এ রাষ্ট্রীয় পদকের জন্য তাঁকে মনোনীত করায় মাননীয় উপাচার্য মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার কাছে আন্তরিক ধন্যবাদ ও অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। একইসাথে বাংলাদেশ সরকারের মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফজিলাতুন নেসা ইন্দিরা এম.পি. এর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন এবং মন্ত্রণালয়ের উর্ধতন কর্মকর্তাবৃন্দসহ সকলের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করেন।

১৮.১১.২০২০-'৫৪ তম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন' উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসন কর্তৃক আয়োজিত 'দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের মধ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সূচক উন্নীতকরণে করণীয়' শীর্ষক আলোচনা সভায় সভাপতিত্ব করেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

১৯.১১.২০২০- নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এ বছর 'বেগম রোকেয়া পদক-২০২০'-এ ভূষিত হওয়ায় চিটাগং ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটির পক্ষ থেকে মাননীয় উপাচার্যকে প্রাণঢালা অভিনন্দন ও ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। এ সময় সিইউডিএস-এর মডারেটর চবি আইন অনুষদের ডিন প্রফেসর এ বি এম আবু নোমানসহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

২৪.১১.২০২০- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত আর্থিক অস্বচ্ছল শিক্ষার্থীদের Android Device/Smart Phone ক্রয়ের জন্য Soft Loan অনুমোদন কমিটির প্রথম সভায় সভাপতিত্ব করেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

২৫.১১.২০২০- আন্তঃবিশ্ববিদ্যালয় অফিসারস ফেডারেশনের একটি টিম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর সাথে তাঁর অফিস কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন এবং এক মতবিনিময় সভায় মিলিত হন।

**ডিসেম্বর ২০২০**

১.১২.২০২০- নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার 'বেগম রোকেয়া পদক-২০২০' এর জন্য মনোনীত হওয়ায় চবি দেশনেত্রী বেগম খালেদা জিয়া হলের পক্ষ থেকে মাননীয় উপাচার্যকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। এ সময় উক্ত হলের প্রভোস্ট ড. মোহাম্মদ সাইদুল ইসলামসহ সিনিয়র আবাসিক শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

৩.১২.২০২০- চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর কাছে দারুল ইরফান রিসার্চ ইনস্টিটিউট (ডিআইআরআই) এর পক্ষ থেকে 'উছুলে ছাবয়া' স্মারক গ্রন্থ ও ই-কনফারেন্স প্রসিডিংস এর কপি হস্তান্তর করা হয়। ইনস্টিটিউটের ম্যানেজিং ট্রাস্টি আলহাজ্ব শাহজাদা সৈয়দ ইরফানুল হক এবং উপদেষ্টা কবি আদিল উদ্দীন চৌধুরী ও মাওলানা জয়নাল আবেদীন চৌধুরী উক্ত গ্রন্থ ও প্রসিডিংস এর কপি হস্তান্তর করেন এবং এক মতবিনিময় সভায় মিলিত হন।

৬.১২.২০২০- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাঙ্গার প্রতিবাদে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারের উদ্যোগে বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু চত্বরে এক মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এবং বিশ্ববিদ্যালয় পরিবারের বিভিন্ন স্তরের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

**৯.১২.২০২০-** কুষ্টিয়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্যে আঘাতের প্রতিবাদে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে চবি বঙ্গবন্ধু চত্বরে এক মানববন্ধন ও প্রতিবাদ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন চবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মোঃ এমদাদুল হক।

৯.১২.২০২০-নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ 'বেগম রোকেয়া পদক ২০২০' পেলেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। ঢাকায় বাংলাদেশ শিশু একাডেমি মিলনায়তনে মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার পক্ষে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এম.পি. এ পদক প্রদান করেন। এ সময় মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা গণভবন থেকে অনলাইনে এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

**১৩.১২.২০২০-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ 'বেগম রোকেয়া পদক ২০২০' অর্জন করায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষিকাবৃন্দের পক্ষ থেকে মাননীয় উপাচার্যকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন এবং কেক কেটে সম্মাননা জ্ঞাপন করা হয়।

**১৩.১২.২০২০-** নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরুপ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার 'বেগম রোকেয়া পদক ২০২০' অর্জন করায় 'এক টাকায় শিক্ষা' ফাউন্ডেশনের পক্ষ থেকে চবি মাননীয় উপাচার্যকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। চবি উপাচার্য দপ্তরে উক্ত ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা সভাপতি জনাব মোঃ রিজুয়ান এ সম্মাননা ক্রেস্ট প্রদান করেন।

**১৪.১২.২০২০-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে যথাযোগ্য মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে শহীদ বুদ্ধিজীবী দিবস পালন করা হয় বিশ্ববিদ্যালয়ের শহীদ বুদ্ধিজীবী স্মৃতি সৌধে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে পুস্পস্তবক অর্পণ করে দেশ ও জাতির শ্রেষ্ঠ সন্তান শহীদ বুদ্ধিজীবীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন এবং সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। এরপর চবি বঙ্গবন্ধু চত্বরে বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এঁর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। পুস্পস্তবক অর্পণ অনুষ্ঠানে চবি সিনেট ও সিন্ডিকেট সদস্যবৃন্দ, অনুষদের ডিনবৃন্দ, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, রেজিস্ট্রার, কলেজ পরিদর্শক, হলের প্রভোস্টবৃন্দ, বিভাগীয় সভাপতি, ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রের পরিচালকবৃন্দ, শিক্ষকবৃন্দ, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ, অফিস প্রধানবৃন্দ, বঙ্গবন্ধু পরিষদের নেতৃবৃন্দ, অফিসার সমিতি, কর্মচারী সমিতি ও কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ, শিক্ষার্থীবৃন্দ এবং বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

**১৫.১২.২০২০-** ব্যাটার ফিউচার বাংলাদেশের (বিএফবি) উদ্যোগে এবং প্রসপেক্টস অব বাংলাদেশ (পিওবি) -এর সহযোগিতায় ৮০০ গাছের চারা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতারের নিকট হস্তান্তর করেন বিএফবি'র নির্বাহী সদস্য ও বিওবি'র কো-কনভেনর জনাব সৌভিক চৌধুরী

**১৫.১২.২০২০-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ 'বেগম রোকেয়া পদক ২০২০' অর্জন করায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অনুষদসমূহের ডিনবৃন্দের পক্ষ থেকে মাননীয় উপাচার্যকে সম্মাননা ক্রেস্ট ও পুস্পস্তবক প্রদান করা হয়। এ সময় বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ নাসিম হাসান, ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন প্রফেসর ড. এস এম সালামত উল্যা ভূঁইয়া, সমাজ বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মুস্তাফিজুর রহমান ছিদ্দিকী, আইন অনুষদের ডিন প্রফেসর এ বি এম আবু নোমান, জীব বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ কামরুল হোসইন, ইঞ্জিনিয়ারিং অনুষদের ডিন প্রফেসর ড. রাশেদ মোস্তফা, মেরিন সায়েন্সেস এন্ড ফিশারিজ অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ রাশেদ উন নবী এবং চিকিৎসা অনুষদের ডিন প্রফেসর ডা. সেলিম মোহাম্মদ জাহাঙ্গীর উপস্থিত ছিলেন।

**১৬.১২.২০২০-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় আনন্দঘন পরিবেশে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে মহান বিজয় দিবস উদযাপন করা হয়েছে। মহান বিজয় দিবস উপলক্ষে ১৫ ডিসেম্বর ২০২০ সন্ধ্যা থেকে বিশ্ববিদ্যালয় স্বাধীনতা স্মারক ভাস্কর্য, শহীদ মিনার ও স্মৃতি সৌধ 'স্মরণ' সহ সকল গুরুত্বপূর্ণ ভবন দৃষ্টিনন্দন আলোকসজ্জায় সজ্জিত করা হয়। ১৫ ডিসেম্বর দিবাগত রাত ১২:০১ মিনিটে বিজয় দিবসের সূচনা লগ্নে বিউগল বাজিয়ে বিজয় দিবসকে স্বাগত জানানো হয়। ১৬ ডিসেম্বর ফজরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের সকল মসজিদে মহান মুক্তিযুদ্ধের বীর শহীদদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত, কেন্দ্রীয় মন্দিরে গীতা পাঠ ও বিশেষ প্রার্থনা এবং অন্যান্য ধর্মাবলম্বীদের স্ব স্ব উপাসনালয়ে বিশেষ প্রার্থনা অনুষ্ঠিত হয় এবং সকালে বিশ্ববিদ্যালয়ের ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন করা হয়। সকাল ১০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় স্বাধীনতা স্মারক ভাস্কর্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে পুস্পস্তবক অর্পণ করে লাখো শহীদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন এবং সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। এরপর মাননীয় উপাচার্য বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে চবি বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান -এঁর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন। পুস্পস্তবক অর্পণ অনুষ্ঠানে চবি সিনেট ও সিন্ডিকেট সদস্যবৃন্দ, অনুষদের ডিনবৃন্দ, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, রেজিস্ট্রার, কলেজ পরিদর্শক, হলের প্রভোস্টবৃন্দ, বিভাগীয় সভাপতি, ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রের পরিচালকবৃন্দ, শিক্ষকবৃন্দ, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ, অফিস প্রধানবৃন্দ, বঙ্গবন্ধু পরিষদের নেতৃবৃন্দ, অফিসার সমিতি, কর্মচারী সমিতি ও কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ, শিক্ষার্থীবৃন্দ, বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যবৃন্দ এবং সুধীবৃন্দ উপস্থিত ছিলেন।

**১৬.১২.২০২০-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ 'বেগম রোকেয়া পদক ২০২০' অর্জন করায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির পক্ষ থেকে দুপুর ১২:০০ টায় চবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে মাননীয় উপাচার্যকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করা হয়। এ সময় চবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মোঃ এমদাদুল হক, সহ-সভাপতি প্রফেসর ড. মোঃ তৌহিদ হোসেন, কোষাধ্যক্ষ জনাব শাহনেওয়াজ মাহমুদ সোহেল, সাধারণ সম্পাদক জনাব মনজুরুল আলম, কার্যকরী সদস্য ড. আদনান মান্নান, জনাব জুয়েল দাশ ও ড. মুহাম্মদ মঈন উদ্দীন উপস্থিত ছিলেন। এ ছাড়াও চবি সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. কাজী এস এম খসরুল আলম কুদ্দুসী এ সময় উপস্থিত ছিলেন।

**১৯.১২.২০২০**-মুজিব শতবর্ষ উপলক্ষে আয়োজিত চবি চারুকলা ইনস্টিটিউটের শিল্পী রশিদ চৌধুরী হোস্টেলের আয়োজনে শিল্পী রশিদ চৌধুরী গ্যালারীতে অনুষ্ঠিত 'দাম দিয়ে কিনেছি বাংলা' শীর্ষক ৪ দিন ব্যাপি প্রদর্শনী উদ্বোধন করেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

**১৯.১২.২০২০**-সেবামূলক সামাজিক সংগঠন 'উৎস' এবং নারী যোগাযোগ কেন্দ্র, চট্টগ্রাম মহানগর এর যৌথ উদ্যোগে এবং ডিয়াকোনিয়া'র সহযোগিতায় আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ, বেগম রোকেয়া দিবস উদযাপন এবং বেগম রোকেয়া পদক প্রাপ্তিতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতারকে সংবর্ধনা অনুষ্ঠান চট্টগ্রাম প্রেস ক্লাব এস. রহমান হলে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পোর্ট সিটি ইউনিভার্সিটি, চট্টগ্রাম এর মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ নুরল আনোয়ার। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চবি শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর মোঃ এমদাদুল হক ও এডাব, চট্টগ্রাম অঞ্চলের সভাপতি জনাব জেসমিন সুলতানা পারু।

**২০.১২.২০২০-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলা ও মানববিদ্যা অনুষদের উদ্যোগে কলা ও মানববিদ্যা অনুষদের ২ নং গ্যালারিতে 'মহামারি পরিস্থিতিতে উচ্চ শিক্ষা' শীর্ষক এক সেমিনার যথাযথ স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব মেনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভাষণ দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। সেমিনার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চবি কলা ও মানববিদ্যা অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ মহীবুল আজিজ।

**২০.১২.২০২০-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ 'বেগম রোকেয়া পদক ২০২০' অর্জন করায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তর এর পক্ষ থেকে মাননীয় উপাচার্যকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। এ সময় গবেষণা পরিচালনা ও প্রকাশনা দপ্তরের পরিচালক প্রফেসর ড. আবদুল্লাহ আল ফারুক, সদস্য- প্রফেসর ড. মুহাম্মদ মুয়াজ্জম হোসেন, প্রফেসর ড. শ্যামল রঞ্জন চক্রবর্তী, প্রফেসর ড. কাজী এস এম খসরুল আলম কুদ্দুসী, প্রফেসর ড. মোঃ ইকবাল শাহীন খান এবং প্রফেসর ড. অলক পাল উপস্থিত ছিলেন।

**২০.১২.২০২০-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগের প্রফেসর ড. অলক পাল রচিত 'HIV/AIDS IN BANGLADESH, Stigmatized People, Policy and Place' শীর্ষক একটি গবেষণামূলক গ্রন্থ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর নিকট হস্তান্তর

করেন। এ সময় ব্যবস্থাপনা বিভাগেরর প্রফেসর ড. মুহম্মদ মুয়াজ্জম হোসেন, দর্শন বিভাগের প্রফেসর ড. মোঃ ইকবাল শাহীন খান, আইন বিভাগের প্রফেসর ড. আবদুল্লাহ আল ফারুক, পদার্থবিদ্যা বিভাগের প্রফেসর ড. শ্যামল রঞ্জন চক্রবর্তী, নৃবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. নাসির উদ্দিন এবং জামাল নজরুল ইসলাম গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্রের পরিচালক প্রফেসর ড. অঞ্জন কুমার চৌধুরী উপস্থিত ছিলেন।

**২৩.১২.২০২০-** নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ চবি মাননীয় উপাচার্য 'বেগম রোকেয়া পদক ২০২০' অর্জন করায় চবি কলা ও মানববিদ্যা অনুষদের পক্ষ থেকে মাননীয় উপাচার্যকে ফুলেল শুভেচ্ছা ও প্রাণঢালা অভিনন্দন জ্ঞাপন করা হয়। চবি কলা ও মানববিদ্যা অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ মহীবুল আজিজ এ ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন। এ সময় চবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক জনাব মনজুরুল আলম, উক্ত অনুষদের বিভিন্ন বিভাগের সভাপতি এবং ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ উপস্থিত ছিলেন।

**২৩.১২.২০২০-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ব্যুরো অব বিজনেস রিসার্চ এর উদ্যোগে 'Impact of COVID-19 on Business: The Bangladesh Perspective' শীর্ষক চলমান ওয়েবিনার এর আওতায় 'COVID-19 Impact and Business Stabilization : The Role of Financial Sector' শীর্ষক ২য় ওয়েবিনার চবি ব্যবসায় প্রশাসন অনুষদে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে ভিডিও কনফারেন্সে ভাষণ দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। বিশেষ অতিথির বক্তব্য রাখেন চবি ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন প্রফেসর এস এম সালামত উল্যা ভূঁইয়া। ওয়েবিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম) এর প্রফেসর ড. প্রশান্ত কুমার ব্যানার্জী এবং প্রফেসর মোঃ মহিউদ্দিন সিদ্দিকী। চবি ব্যুরো অব বিজনেস রিসার্চ এর চেয়ারম্যান প্রফেসর ড. মোঃ সেলিম উদ্দিন এর সভাপতিত্বে অনুষ্ঠিত ওয়েবিনারে বিশেষজ্ঞ আলোচক হিসেবে আলোচনায় অংশগ্রহণ করেন বাংলাদেশ ব্যাংক এর এক্সিকিউটিভ ডাইরেক্টর (রিসার্চ) ড. মোঃ হাবিবুর রহমান।

**২৪.১২.২০২০-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে বিশ্ববিদ্যালয়ের সিনেট ও সিন্ডিকেট সদস্যবৃন্দ, ডিনবৃন্দ, চবি শিক্ষক সমিতিরি নেতৃবৃন্দ, রেজিস্ট্রার, কলেজ পরিদর্শক, প্রভোস্ট/ওয়ার্ডেনবৃন্দ, বিভাগীয় সভাপতি/ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রের পরিচালকবৃন্দ, প্রক্টরিয়াল বডি, পরীক্ষা নিয়ন্ত্রক, সকল অফিস প্রধান, অফিসার সমিতি, কর্মচারী সমিতি ও কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দের সাথে এক মতবিনিময় সভায় মিলিত হন।

**<u>জানুয়ারি ২০২১-জুন ২০২১</u>**

**জানুয়ারি ২০২১**

**৩.১.২০২১-** নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার 'বেগম রোকেয়া পদক ২০২০' অর্জন করায় চবি 'ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি)' এর পক্ষ থেকে চবি মাননীয় উপাচার্যকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আবুল হোসাইন এ সম্মাননা ক্রেস্ট প্রদান করেন। এসময় আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক ড. নঈম উদ্দিন হাছান আরওঙ্গজেব চৌধুরী ও ড. মোহাম্মদ ওমর ফারুক উপস্থিত ছিলেন।

**৪.১.২০২১-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের নবনিযুক্ত ডিন প্রফেসর ডা. নাসির উদ্দিন মাহমুদ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন এবং মাননীয় উপাচার্যকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন। এসময় চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর এস. এম. মনিরুল হাসান, কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. শ্যামল রঞ্জন চক্রবর্তী ও প্রক্টর ড. রবিউল হাসান ভূইয়া উপস্থিত ছিলেন।

**৫.১.২০২১-**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারের আয়োজনে অনুষ্ঠিত করোনাভাইরাসের জিনোম সিকোয়েন্সিং উন্মোচনকারী চবি গবেষকদলের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির হিসেবে উপস্থিত ছিলেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। সংবর্ধিত গবেষকবৃন্দ হলেন বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগের সহযোগী অধ্যাপক ও চবি প্রক্টর ড. রবিউল হাসান ভূইয়া, উদ্ভিদ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ ওমর ফারুক রাসেল এবং মাইক্রোবায়োলজি বিভাগের সহকারী অধ্যাপক ড. ইমরানুল হক ও ড. এইচ এম আবদুল্লাহ আল মাসুদ। এ ছাড়া উক্ত গবেষণার সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থী গবেষকদেরর মাননীয় উপাচার্য ফুলেল শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

**৭.১.২০২১-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জননেত্রী শেখ হাসিনা হলের পক্ষ থেকে জাতির পিতা বঙ্গবন্ধুকে নিয়ে রচিত ৬টি গ্রন্থ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর নিকট হস্তান্তর করা হয়েছে। ৭

জানুয়ারি ২০২১ বেলা ১১টায় চবি উপাচার্য দপ্তরে উক্ত হলের প্রভোস্ট প্রফেসর ড. এ কে এম রেজাউর রহমান মাননীয় উপাচার্যের নিকট গ্রন্থগুলো হস্তান্তর করেন। গ্রন্থগুলো হলো মোঃ আরিফ উদ্দিন খান রচিত 'বঙ্গবন্ধুর কর্মদর্শন', ড. সৌরভ শাখাওয়াত রচিত 'বঙ্গবন্ধু: জীবন ও দর্শন', শেখ রিয়াজ মাহমুদ রচিত 'বঙ্গবন্ধু থেকে বঙ্গকন্যা শেখ হাসিনা', শেখ মুজিবুর রহমান রচিত 'আমার দেখা নয়াচীন', হাসনাত আবদুল হাই ও সিরাজুল ইসলাম মুনির সম্পাদিত 'বঙ্গবন্ধু শতবর্ষে শতগল্প' এবং শ্যামল দত্ত ও সালেক নাছির উদ্দিন সম্পাদিত 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পোয়েট অব পলিটিক্স'।

**১০.১.২০২১-** মহাকালের মহানায়ক স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস (১০ জানুয়ারি) চবি বঙ্গবন্ধু চত্বরে বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। এ সময় চবি সিনেট ও সিন্ডিকেট সদস্যবৃন্দ, অনুষদের ডিনবৃন্দ, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, রেজিস্ট্রার, কলেজ পরিদর্শক, হলের প্রভোস্টবৃন্দ, বিভাগীয় সভাপতি, ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রের পরিচালকবৃন্দ, শিক্ষকবৃন্দ, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ, অফিস প্রধানবৃন্দ, বঙ্গবন্ধু পরিষদের নেতৃবৃন্দ, অফিসার সমিতি, কর্মচারী সমিতি ও কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ, শিক্ষার্থীবৃন্দ, বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যবৃন্দ এবং সুধীবৃন্দ উপস্থিত ছিলেন। এরপর বঙ্গবন্ধু পরিষদ, চবি'র উদ্যোগে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়।

**১২.১.২০২১-** নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার 'বেগম রোকেয়া পদক ২০২০' অর্জন করায় চবি শারীরিক শিক্ষা বিভাগের পক্ষ থেকে মাননীয় উপাচার্যকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। এসময় চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর এস এম মনিরুল হাসান, কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. শ্যামল রঞ্জন চক্রবর্তী, ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগের সভাপতি প্রফেসর ড. মোহাম্মদ আবুল মনছুর, প্রক্টর ড. রবিউল হাসান ভূইয়া, শারীরিক শিক্ষা বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন, শারীরিক শিক্ষা বিভাগের উপ পরিচালক জনাব মোঃ হাবিবুর রহমান জালাল, জনাব সিরাজউদ্দিন মোঃ আলমগীর, জনাব মোহাম্মদ শোয়াইব এবং ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগের খন্ডকালীন শিক্ষক জনাব নজরুল ইসলাম উপস্থিত ছিলেন।

**২৪.১.২০২১-** উন্মুক্ত লোনা পানিতে সমন্বিত মেরিকালচারের মাধ্যমে উপকূলীয় মানুষের আর্থসামাজিক উন্নয়ন ও সুনীল অর্থনীতি প্রসারে এর গুরুত্ব সংক্রান্ত একটি সেমিনার ও প্রর্দশনীমূলক অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কক্সবাজার-২(মহেশখালী-কুতুবদিয়া) আসনের মাননীয় সংসদ সদস্য জনাব আশেক উল্লাহ রফিক, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. ইয়াহিয়া মাহমুদ, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ ইনামুল হক, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমুদ্র বিজ্ঞান ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর ড. শফিকুল ইসলাম প্রমুখ।

**২৪.১.২০২১-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির উদ্যোগে সম্প্রতি অবসর গ্রহণকারী শিক্ষকবৃন্দের সম্মাননা ও সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। সংবর্ধিত অবসর গ্রহণকারী শিক্ষকবৃন্দ হলেন দর্শন বিভাগের প্রফেসর ড. মোজাফফর আহমদ চৌধুরী, বনবিদ্যা ও পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউটের প্রফেসর ড. মোহাম্মদ মহিউদ্দিন, পদার্থবিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ সিরাজুল ইসলাম, ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর ড. শংকর লাল সাহা, রসায়ন বিভাগের প্রফেসর ড. মোঃ জামাল উদ্দীন আহমদ, দর্শন বিভাগের প্রফেসর ড. এম শফিকুল আলম, ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স বিভাগের প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী, প্রাণিবিদ্যা বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ ফরিদ আহসান, একাউন্টিং বিভাগের প্রফেসর রণজিত কুমার চৌধুরী, ম্যানেজমেন্ট বিভাগের প্রফেসর ড. জাহেদ হোছাইন সিকদার, গণিত বিভাগের প্রফেসর ড. নীল রতন ভট্টাচার্য্য, ফিশারিজ বিভাগের প্রফেসর ড. হোসেন জামাল এবং ইতিহাস বিভাগের প্রফেসর বকুল চন্দ্র চাকমা।

**২৪.১.২০২১-**চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মোঃ রেজাউল করিম চৌধুরীর সমর্থনে বাঙালি জাতীয়তাবাদ ও মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ প্রগতিশীল শিক্ষক সমাজ (হলুদ দল) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে এক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চবি হলুদ দলের আহবায়ক ও ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের সভাপতি প্রফেসর ড. সুলতান আহমেদ। অনুষ্ঠানে মেয়র প্রার্থী আলহাজ্ব মোঃ রেজাউল করিম চৌধুরী উপস্থিত থেকে সম্মানিত শিক্ষকবৃন্দসহ উপস্থিত সকলের সাথে মতবিনিময়ে অংশগ্রহণ করেন।

**২৪.১.২০২১-** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস হকি পরিবার এর আয়োজনে ও সিজেকেএস হকি কমিটির সার্বিক সহযোগিতায় সপ্তাহব্যাপী অনুষ্ঠিত

'বঙ্গবন্ধু ক্যাম্পাস হকি লিগ ২০২১' এর ফাইনাল খেলা ও চবি'র প্রাক্তন হকি খেলোয়াড়দের সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ এবং প্রাক্তন খেলোয়াড়দের হাতে সম্মাননা ক্রেস্ট তুলে দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

**২৫.১.২০২১-** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ 'বেগম রোকেয়া পদক ২০২০' অর্জন করায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাহ আমানত হলের পক্ষ থেকে চবি মাননীয় উপাচার্যকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। এসময় চবি শাহ আমানত হলের প্রভোস্ট প্রফেসর নির্মল কুমার সাহা, আবাসিক শিক্ষক জনাব আফতাব হোসেন, জনাব মোঃ দিদারুল আলম চৌধুরী, জনাব সঞ্জীব ঘোষ এবং জনাব রাজপতি দাশ উপস্থিত ছিলেন। এছাড়াও চবি প্রক্টর ড. রবিউল হাসান ভূঁইয়া উপস্থিত ছিলেন।

**ফেব্রুয়ারি ২০২১**

৫.২.২০২১-চবি উদ্ভিদ বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মোহাম্মদ কামরুল হুদা'র মৃত্যুতে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন।

৮.২.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ এলামনাই এসোসিয়েশন চবি যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের মাল্টিমিডিয়া ল্যাব পরিচালনার জন্য ১ লক্ষ টাকার আর্থিক অনুদানের চেক চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর নিকট এসোসিয়েশনের নেতৃবৃন্দ এ চেক হস্তান্তর করেন।

৯.২.২০২১- নারী শিক্ষায় অবদান, নারীর উন্নয়ন ও অগ্রগতির ক্ষেত্রে কৃতিত্বপূর্ণ অবদানের স্বীকৃতি স্বরূপ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার 'বেগম রোকেয়া পদক ২০২০' অর্জন করায় চবি বিএনসিসি'র পক্ষ থেকে চবি মাননীয় উপাচার্যকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। এ সময় বিএনসিসি'র কমান্ডিং অফিসার প্রফেসর ড. মোহাম্মদ শওকতুল মেহের, বিএনসিসি'র পিইউও প্রফেসর ড. মোঃ তৌহিদ হোসেন চৌধুরী, সেকেন্ড লে. প্রফেসর ড. বায়েজীদ মাহমুদ খান, সেকেন্ড লে. প্রফেসর ড. মোহাম্মদ ইসমাইল হোসেন, পিইউও ড. শহিদুল হক, পিইউও ড. মোহাম্মদ জহিরুল কাইয়ুম, পিইউও (ভারপ্রাপ্ত) ফারহানা রুমঝুম ভূঁইয়া, পিইউও (ভারপ্রাপ্ত) নাসরিন আকতার, পিইউও (ভারপ্রাপ্ত) ড. সোহাগ মিয়াসহ বিএনসিসি ক্যাডেটবৃন্দ উপস্থিত ছিলেন।

১০.২.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পারিচালিত গবেষণা কার্যক্রমের নৈতিকতা ও গুণগত মানোন্নয়নের জন্য বিশ্ববিদ্যালয় ইতিহাসে সর্বপ্রথম গঠিত Ethical Review Board এর প্রথম সভায় সভাপতিত্ব করেন Ethical Review Board এর সভাপতি ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। এ সভায় বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ নাসিম হাসান, মেরিন সায়েন্সেস এন্ড ফিশারিজ অনুষদের ডিন প্রফেসর ড. মোঃ রাশেদ উন নবী, আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আবুল হোসাইন, চবি গবেষণা ও প্রকাশনা দপ্তরের পরিচালক প্রফেসর ড. আব্দুল্লাহ আল ফারুক এবং চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর এস এম মনিরুল হাসান উপস্থিত ছিলেন।

১৬.২.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সনাতন ধর্ম পরিষদের উদ্যোগে বিশ্ববিদ্যালয় উত্তর ক্যাম্পাসস্থ কেন্দ্রীয় মন্দির প্রাঙ্গনে বাণী অর্চনা উপলক্ষে দিনব্যাপী কর্মসূচি প্রধান অতিথি ও উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চট্টগ্রাম জেলা পরিষদের সচিব জনাব মোঃ রবিউল হাসান।

১৮.২.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার-এর সাথে ফ্রান্সের মান্যবর রাষ্ট্রদূত মিঃ জঁ মারাঁ স্যু সৌজন্য সাক্ষাৎ করেন এবং এক মতবিনিময় সভায় মিলিত হন। এ সময় মান্যবর রাষ্ট্রদূতের স্ত্রী মিসেস মারি কারোলিন সঁ লিচ্, আলিয়ঁস ফ্রসেজ এর পরিচালক ড. সেলভাম থোরেজ, উপ-পরিচালক ড. গুরুদাস চক্রবর্তী ও কোর্স ডাইরেক্টর মিঃ আশীষ কুমার সেন উপস্থিত ছিলেন। এছাড়াও চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর এস এম মনিরুল হাসান, সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. কাজী এস এম খসরুল আলম কুদ্দুসী, সমাজ বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মুস্তাফিজুর রহমান ছিদ্দিকী, কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. শ্যামল রঞ্জন চক্রবর্তী, আইন বিভাগের প্রফেসর ড. আবদুল্লাহ আল ফারুক, নৃবিজ্ঞান বিভাগের প্রফেসর ড. নাসির উদ্দিন, প্রক্টর ড. রবিউল হাসান ভূইয়া এবং সহকারী প্রক্টরবৃন্দ উপস্থিত ছিলেন।

২১.২.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে অমর একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস বিভিন্ন কর্মসূচির মাধ্যমে অত্যন্ত ভাবগম্ভীর পরিবেশে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উদযাপিত হয়েছে। সকাল ১০:০০ টায় চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে চবি কেন্দ্রীয় শহীদ মিনারে পুস্পস্তবক অর্পণের মাধ্যমে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। অতঃপর মাননীয় উপাচার্য সকলকে সাথে নিয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পন করে

শ্রদ্ধা নিবেদন করেন। সকাল ১০:৩০ টায় চবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় 'বঙ্গবন্ধু : ১৯৫২ থেকে ২০২১' শীর্ষক আলোচনা সভা। আলোচনা সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

২৪.২.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রোভার স্কাউট গ্রুপের ৪ জন সদস্য 'পরিভ্রমণ ব্যাজ' অর্জনের নিমিত্তে চট্টগ্রাম থেকে কক্সবাজার পর্যন্ত ১৫০ কিলোমিটার পথ পায়ে হেঁটে অতিক্রমকারী রোভার স্কাউটের উক্ত ৪ জন সদস্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতারের সাথে উপাচার্যের অফিস কক্ষে এক সৌজন্য সাক্ষাৎ করেন। রোভার স্কাউটের চারজন সদস্য হলেন রোভার মোঃ বিল্লাল হোসাইন, রোভার মোঃ ইসমাইল হোসেন, রোভার মোঃ সাকিল হোসেন এবং রোভার মোঃ রহমত উল্লাহ শাওন। এসময় চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর এস. এম. মনিরুল হাসান, রোভার স্কাউট গ্রুপ কমিটির সম্পাদক প্রফেসর ড. মোহাম্মদ হেলাল উদ্দীন এবং রোভার স্কাউট লিডার (RSL) জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন উপস্থিত ছিলেন।

২৭.২.২০২১- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির কার্যালয়ের জনবিভাগের সচিব এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সিন্ডিকেট সদস্য জনাব সম্পদ বড়ুয়ার সচিব হিসেবে চুক্তির মেয়াদ ৩ বছর বৃদ্ধি করায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার মাননীয় সচিবকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা ও প্রাণঢালা অভিনন্দন জানিয়েছেন। এ সময় চবি সিন্ডিকেট সদস্য জনাব এস এম ফজলুল হক, প্রফেসর ড. কাজী এস এম খসরুল আলম কুদ্দুসী, প্রফেসর ড. এ কে এম মাঈনুল হক মিয়াজী, প্রফেসর ড. মোহাম্মদ নাসিম হাসান, প্রফেসর ড. মোহাম্মদ মহীবুল আজিজ এবং সিন্ডিকেট সচিব চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর এস এম মনিরুল হাসান উপস্থিত ছিলেন।

**মার্চ-২০২১**

৪.৩.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জামাল নজরুল ইসলাম গণিত ও ভৌত বিজ্ঞান গবেষণা কেন্দ্র (JNIRCMPS) এর উদ্যোগে এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদের পৃষ্ঠপোষকতায় মাসব্যাপি পরিচালিত 'Research Techniques in Social and Applied Sciences' শীর্ষক ২য় অনলাইন প্রশিক্ষণ কোর্স ২০২১ এর সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভাষণ দেন এবং সনদ বিতরণ করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

৪.৩.২০২১-৪ মার্চ ২০২১ সকাল ১০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট এর স্ট্যার্টআপ এবং আইসিটি সেক্টরের ইকো সিস্টেমস ডেভেলপমেন্ট করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ হতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে আইসিটি ইনকিউবেশন সেন্টার প্রতিষ্ঠার নিমিত্তে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর সাথে উপাচার্যের অফিস কক্ষে বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষের উপ-পরিচালক (পরিকল্পনা) প্রকৌশলী মোহাম্মদ আতিকুল ইসলাম সাক্ষাৎ করেন।

৪.৩.২০২১- বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর অন্যতম সদস্য, বাংলাদেশ আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপ কমিটির সম্মানিত চেয়ারম্যান, মাননীয় প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা ও স্বাধীন বাংলাদেশের প্রথম মন্ত্রীপরিষদ সচিব জনাব এইচ টি ইমাম এর মৃত্যুতে (ইন্নালিল্লাহে ওয়াইন্না ইলাহে রাজিউন) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

৭.৩.২০২১- ঐতিহাসিক ৭ মার্চ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে। কর্মসূচির মধ্যে ছিল ফজরের নামাজের পর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় জামে মসজিদসহ সকল মসজিদে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও শহীদদের রুহের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত এবং কেন্দ্রীয় মন্দিরসহ অন্যান্য ধর্মাবলম্বীদের স্ব স্ব উপাসনালয়ে বিশেষ প্রার্থনা। সকাল থেকে চবি বঙ্গবন্ধু চত্বর, শহীদ বুদ্ধিজীবী চত্বর, চবি 'স্মরণ' চত্বর এবং চবি ২নং গেইট এলাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ মার্চ এর ভাষণ এবং মুক্তিযুদ্ধ বিষয়ক ও দেশাত্মবোধক গান পরিবেশন করা হয়। সকাল ১০টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতারের পক্ষে বিশ্ববিদ্যালয় পরিবার বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন।

৭.৩.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিকল্পনা ও উন্নয়ন কমিটির (পিএন্ডডি) সম্মানিত সদস্য, নগর পরিকল্পনাবিদ, সাদার্ণ ইউনিভার্সিটির প্রো-ভিসি প্রফেসর ইঞ্জিনিয়ার এম আলী আশরাফ এর মৃত্যুতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

৮.৩.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বহু প্রতীক্ষিত 'বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব' ডে-কেয়ার সেন্টার এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

৯.৩.২০২১- চবি ইতিহাস বিভাগের সহযোগী অধ্যাপক ড. আনন্দ বিকাশ চাকমা রচিত 'কার্পাস মহল থেকে শান্তি চুক্তি' শীর্ষক গ্রন্থটি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর নিকট হস্তান্তর করেন।

১০.৩.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বর্তমান মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার শিক্ষকতার চাকুরী থেকে অবসর গ্রহণের পরও বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দায়িত্বে থাকবেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ৯ মার্চ ২০২১ তারিখের স্মারক নং-শিম/শা-১৮/৯ চঃ বিঃ-১/২০০৬/৯৮ মূলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপ-সচিব জনাব মোঃ নুর-ই-আলম স্বাক্ষরিত পত্রে এ নির্দেশনা দেওয়া হয়। এতে বলা হয় "মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর ড. শিরীণ আখতারকে নিয়মিত চাকরির বয়সপূর্তিতে অবসর গ্রহণের আনুষ্ঠানিকতা সম্পাদনের জন্য আগামী ২৯.০৪.২০২১ খ্রিষ্টাব্দ তারিখ পূর্বাহ্নে তাঁর মূল কর্মস্থল বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে প্রত্যাবর্তনপূর্বক একইদিন অপরাহ্নে ভাইস-চ্যান্সেলর পদে যোগদানের অনুমতি এবং ভাইস-চ্যান্সেলর ড. শিরীণ আখতার এর অনুপস্থিতে কলা ও মানববিদ্যা অনুষদের ডিন ও বাংলা বিভাগের জ্যেষ্ঠ অধ্যাপক ড. মোহাম্মদ মহীবুল আজিজ কে নিজ দায়িত্বের অতিরিক্ত ভাইস-চ্যান্সেলরের রুটিন দায়িত্ব পালনের অনুমতি প্রদান করা হলো"।

১৫.৩.২০২১- বরেণ্য ইতিহাসবিদ ও মুক্তিযুদ্ধ গবেষক প্রফেসর ড. মুনতাসীর মামুন ১৫ মার্চ ২০২১ পূর্বাহ্নে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের 'বঙ্গবন্ধু চেয়ার' পদে যোগদান করেছেন। এ উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষ থেকে চবি কেন্দ্রীয় গ্রন্থাগার মিলনায়তনে এক সংবর্ধনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

১৭.৩.২০২১- মহাকালের মহানায়ক বাঙালি জাতির অবিসংবাদিত নেতা, রাজনীতির মহাকবি, স্বাধীন-সার্বভৌম বাংলাদেশের মহান স্থপতি, বিশ্বের শোষিত, নির্যাতিত মানুষের মুক্তির পথ প্রদর্শক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২ তম জন্মদিন 'জাতীয় শিশু দিবস' ১৭ মার্চ ২০২১ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় পরিবারের উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় বর্ণিল আয়োজনে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উদযাপিত হয়েছে। এ উপলক্ষে বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু চত্বরে ১৭ মার্চ ২০২১ সকাল ১০:০০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন। এরপর চবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে মাননীয় উপাচার্য জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০২ তম জন্মদিন 'জাতীয় শিশু দিবস' উপলক্ষে বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে কেক কাটেন এবং আলোচনা সভায় সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন।

১৮.৩.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রাজনীতি বিজ্ঞান বিভাগের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে প্রকাশিত স্মরণিকা 'স্মৃতি সুবর্ণ' এবং উক্ত বিভাগের শিক্ষার্থীদের প্রতিভা বিকাশের উদ্দেশ্যে প্রকাশিত ম্যাগাজিন 'সুষ্টি সুখে' চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর নিকট চবি সমাজ বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মুস্তাফিজুর রহমান ছিদ্দিকী এবং রাজনীতি বিজ্ঞান বিভাগের সভাপতি প্রফেসর ড. আনোয়ারা বেগম হস্তান্তর করেন। এ সময় স্মরণিকা সম্পাদক উক্ত বিভাগের প্রফেসর ড. মোঃ এনায়েত উল্যা পাটওয়ারী, সহকারী অধ্যাপক জনাব উম্মে হাবিবা, জনাব তাসলিমা আক্তার, ড. হাসিনা আফরোজ শান্তা এবং প্রভাষক জনাব শারমিলা কবির সীমা উপস্থিত ছিলেন।

২৫.৩.২০২১- গণহত্যা দিবস স্মরণে ২৫ মার্চ ২০২১ সন্ধ্যা ৬:৩০ টায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু চত্বরে আলোচনা সভা ও মোমবাতি প্রজ্জ্বলন কর্মসূচি পালিত হয়। আলোচনা সভায় সভাপতির ভাষণ দেন এবং মোমবাতি প্রজ্জ্বলন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। অনুষ্ঠানে বীর শহীদদের সম্মানে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। উল্লেখ্য, গণহত্যা দিবস উপলক্ষে ২৫ মার্চ ২০২১ রাত ৯ টা থেকে ৯ টা ১ মিনিট পর্যন্ত সবধরণের বাতি বন্ধ রেখে ব্ল্যাকআউট পালন করা হয়।

২৬.৩.২০২১-মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে উৎসবমুখর পরিবেশে বিভিন্ন কর্মসূচি উদযাপিত হয়েছে। ২৬ মার্চ ২০২১ সকাল ১০:০০ টায় বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে সাথে নিয়ে চবি স্বাধীনতা স্মৃতি স্তম্ভে পুস্পস্তবক অর্পণ করে বীর শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন এবং চবি বঙ্গবন্ধু চত্বরে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। বেলা ১১:০০ টায় চবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয় ''স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী : বঙ্গবন্ধু ও বাংলাদেশ" শীর্ষক আলোচনা সভা। সভায় সভাপতিত্ব করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। এতে স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী বক্তা হিসেবে বক্তব্য উপস্থাপন করেন বিশিষ্ট সমাজবিজ্ঞানী প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন।

২৬.৩.২০২১- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনাকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। মাননীয় উপাচার্য তাঁর অভিনন্দন বার্তায় স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল রাষ্ট্রে উন্নীত হওয়ায় বঙ্গবন্ধুর সুযোগ্য তনয়া মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার অসামান্য অবদান কৃতজ্ঞচিত্তে স্মরণ করেন। তিনি মাননীয় প্রধানমন্ত্রীর সুযোগ্য নেতৃত্বে বাংলাদেশের এ অগ্রযাত্রা অব্যাহত থাকবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। মাননীয় উপাচার্য মাননীয় প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য, দীর্ঘায়ু এবং উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন।

২৮.৩.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের প্রতিষ্ঠাকালীন সভাপতি ও উক্ত বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক বরেণ্য শিক্ষাবিদ, উপমহাদেশের প্রখ্যাত ইসলামী চিন্তাবিদ, ইসলামী ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা মহাপরিচালক, সাউদার্ন ইউনিভার্সিটির সাবেক উপাচার্য প্রফেসর ড. মুঈনুদ্দীন আহমদ খান এর মৃত্যুতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

৩১.৩.২০২১-বিশ্ববিদ্যালয়ের উচ্চ শিক্ষার গুণগত মান উন্নয়ন এবং শ্রেণিকক্ষে পাঠদান আরও বেশি সময়োপযোগী জ্ঞান ও বিজ্ঞান ভিত্তিক করার লক্ষ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদভুক্ত বিভাগ ও ইনস্টিটিউটসমূহের অপেক্ষাকৃত নবীন শিক্ষকদের জন্য "Interactive Teaching and Learning" বিষয়ের ওপর সপ্তাহব্যাপি প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

**এপ্রিল-২০২১**

১.৪.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উদ্ভিদবিজ্ঞান বিভাগের একদল গবেষক ১৯টি ভেষজ উদ্ভিদের নমুনা সংগ্রহ করে প্রত্যেকটি নমুনার তিনটি জিনের জিনোম সিকোয়েন্স উন্মোচিত করে ডিএনএ বারকোডিং সম্পন্ন করেছেন। ডিএনএ বারকোডিং হলো একটি নির্দিষ্ট জিন থেকে ডিএনএ এর একটি ক্ষুদ্র অংশ ব্যবহার করে প্রজাতি সনাক্তকরণ পদ্ধতি। চবি'র গবেষণা ও প্রকাশনা দপ্তরের আর্থিক সহযোগিতায় ১৯টি উদ্ভিদের অধিকাংশেরই প্রথমবারের মতো বারকোডিং করা হয়েছে।

১০.৪.২০২১-চবি সিনেট সদস্য ও চবি ইংরেজি বিভাগের প্রফেসর আজমেরী আরার স্বামী জনাব তাজুল ইসলামের মৃত্যুতে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

১১.৪.২০২১-চবি রাজনীতি বিজ্ঞান বিভাগের অবসরপ্রাপ্ত প্রফেসর ড. মোহাম্মদ হাসান (হাসান মোহাম্মদ) এর মৃত্যুতে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

১১.৪.২০২১-প্রখ্যাত রবীন্দ্র সংগীত শিল্পী মিতা হকের মৃত্যুতে চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

১২.৪.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তি কার্যক্রম ও 'অনলাইন আবেদন প্রক্রিয়া' উদ্বোধন করেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

২৯.৪.২০২১- চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার দীর্ঘ শিক্ষকতা জীবনে চাকুরীর স্বাভাবিক বয়সপূর্তি শেষে চবি বাংলা বিভাগ থেকে অবসর গ্রহণের পর সরকারী নির্দেশনা মোতাবেক পুনরায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে দায়িত্বভার গ্রহণ করেছেন। ২৯ এপ্রিল ২০২১ পূর্বাহ্নে প্রফেসর ড. শিরীণ আখতার তাঁর উপাচার্যের দায়িত্ব চবি কলা ও মানববিদ্যা অনুষদের ডিন ও বাংলা বিভাগের জ্যেষ্ঠ অধ্যাপক ড. মোহাম্মদ মহীবুল আজিজকে অর্পণ শেষে চবি বাংলা বিভাগে অধ্যাপক হিসেবে যোগদান করেন। অপরাহ্নে তিনি তাঁর মূল পদ বাংলা বিভাগের প্রফেসর পদ থেকে অবসর গ্রহণের পর পুনরায় চবি উপাচার্যের দায়িত্বভার গ্রহণ করেন। সরকারী নির্দেশনা অনুযায়ী ২৯ এপ্রিল চবি উপাচার্যের দায়িত্ব পালনের জন্য চবি বাংলা বিভাগের জ্যেষ্ঠ অধ্যাপক প্রফেসর ড. মোহাম্মদ মহীবুল আজিজ পূর্বাহ্নে যোগদান করেন।

**মে-২০২১**

২.৫.২০২১-চবি মাননীয়ী উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হতে শিক্ষকতা জীবনের স্বাভাবিক বয়সপূর্তিতে ২৯ এপ্রিল ২০২১ চবি বাংলা বিভাগ হতে প্রফেসর হিসেবে অবসর গ্রহণের পর সরকারী নির্দেশনা মোতাবেক একইদিন অপরাহ্নে উপাচার্যেও দায়িত্বভার পুনরায় গ্রহণ করেন। দায়িত্ব গ্রহণের পর ২ মে ২০২১ মাননীয় উপাচার্য চবি বঙ্গবন্ধু চত্বরে মহাকালের মহানায়ক স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন।

৬.৫.২০২১- মহামান্য রাষ্ট্রপতি ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর এঁর অনুমোদনক্রমে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় আইন ১৯৭৩ এর ১৪(১) ধারা অনুসারে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের প্রফেসর বেনু কুমার দে-কে ৪ (চার) বছরের জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (একাডেমিক) হিসেবে নিয়োগ প্রদান করা হয়েছে।

প্রফেসর বেনু কুমার দে ৬ মে ২০২১ বৃহস্পতিবার পূর্বাহ্নে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (একাডেমিক) হিসেবে যোগদান করেন। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার নব নিযুক্ত মাননীয় উপ-উপাচার্য প্রফেসর বেনু কুমার দে–কে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জানান। মাননীয় উপাচার্য বলেন, এ মেধাবী শিক্ষক উপ-উপাচার্য হিসেবে নিয়োগ পাওয়ার ফলে তাঁর সর্বোচ্চ মেধা, প্রজ্ঞা, অভিজ্ঞতা ও সততা দিয়ে এ বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিতে সর্বাত্মক ভূমিকা রাখবেন।

২৫.৫.২০২১- বাংলা একাডেমির মহাপরিচালক একুশে পদক প্রাপ্ত কবি, সাহিত্যিক, বুদ্ধিজীবী জনাব হাবীবুল্লাহ সিরাজীর মৃত্যুতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার ও মাননীয় উপ-উপাচার্য প্রফেসর বেনু কুমার দে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন। তাঁরা মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাঁর (মরহুমের) শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করেন।

২৭.৫.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে Accreditation and BNQF শীর্ষক ব্রিফিং অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চবি মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চবি মাননীয় উপ-উপাচার্য প্রফেসর বেনু কুমার দে।

৩১.৫.২০২১- বিশিষ্ট নাট্যকার শান্তনু বিশ্বাস সম্পাদিত 'প্রসেনিয়াম' শীর্ষক একটি নাট্যপত্র চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর নিকট হস্তান্তর করেন কালপুরুষ নাট্য সম্প্রদায়ের সভাপতি, বিশিষ্ট নাট্য নির্দেশক ও অভিনেত্রী শান্তনু বিশ্বাসের সহধর্মিনী জনাব শুভ্রা বিশ্বাস।

**জুন-২০২১**

১.৬.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জীব বিজ্ঞান অনুষদে প্রতিষ্ঠিত কোভিড-১৯ সনাক্তকরণ ল্যাবের বর্ষপূর্তি উপলক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন চবি মাননীয় উপাচার্য ও কোভিড-১৯ সনাক্তকরণ ল্যাবের সভাপতি প্রফেসর ড. শিরীণ আখতার। সভায় চবি মাননীয় উপ-উপাচার্য প্রফেসর বেনু কুমার দে উপস্থিত ছিলেন।

৩.৬.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অর্থনীতি বিভাগের উদ্যোগে 'Child Labour in the Dried Fish Sector in Cox's Bazar' শীর্ষক দিনব্যাপি সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভাষণ দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। বিশেষ অতিথির বক্তব্য রাখেন চবি মাননীয় উপ-উপাচার্য প্রফেসর বেনু কুমার দে।

৬.৬.২০২১- আন্তর্জাতিক পরিবেশ দিবস ২০২১ উপলক্ষ্যে বায়োলজি ফ্যাকাল্টি কো-কারিকুলার সোসাইটি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর উদ্যোগে চবি প্রশাসনিক ভবন সংলগ্ন এলাকায় বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর বেনু কুমার দে।

১৩.৬.২০২১- ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি), চবি এর উদ্যোগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অফিসারবৃন্দের জন্য "University Rules and Regulations" শীর্ষক দিনব্যাপি ট্রেনিং প্রোগ্রামের উদ্বোধন করেন এবং ভাষণ দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। ট্রেনিং প্রোগ্রামে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চবি মাননীয় উপ-উপাচার্য প্রফেসর বেনু কুমার দে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আবুল হোসাইন।

১৩.৬.২০২১-চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অতিথি ভবন (ক্যাম্পাস) এর নব সম্প্রসারিত অংশ (তৃতীয় তলা) শুভ উদ্বোধন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। এতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চবি মাননীয় উপ-উপাচার্য প্রফেসর বেনু কুমার দে।

১৪.৬.২০২১- ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি), চবি এর উদ্যোগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অফিসারদের (দ্বিতীয় গ্রুপ) জন্য "University Rules and Regulations" শীর্ষক দিনব্যাপি অনুষ্ঠিত ট্রেনিং প্রোগ্রামের উদ্বোধন করেন এবং ভাষণ দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চবি মাননীয় উপ-উপাচার্য প্রফেসর বেনু কুমার দে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আবুল হোসাইন।

১৭.৬.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আয়োজনে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে ২০২০-২০২১ অর্থবছরের এপিএ চুক্তি বিষয়ক দিনব্যাপি অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চবি মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর বেনু কুমার দে। কর্মশালায় সভাপতিত্ব করেন এবং স্বাগত বক্তব্য রাখেন চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর এস এম মনিরুল হাসান। চবি সিন্ডিকেট সদস্যবৃন্দ, অনুষদের ডিনবৃন্দ, চবি শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক, কলেজ পরিদর্শক, হলের প্রভোস্টবৃন্দ, বিভিন্ন বিভাগের সভাপতি ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দ, নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ, পরিচালক ছাত্র-ছাত্রী নির্দেশনা ও পরামর্শ কেন্দ্র, অফিস প্রধানবৃন্দ, এপিএ কমিটির সদস্যবৃন্দ,

চবি অফিসার সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক এবং সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তাবৃন্দ নিয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

২২.৬.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বিভিন্ন বিভাগের সভাপতি ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দের জন্য 'Bangladesh National Qualifications Framework' শীর্ষক দিনব্যাপি অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কর্মশালা উদ্বোধন করেন এবং ভাষণ দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চবি মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর বেনু কুমার দে। কর্মশালায় সভাপতিত্ব করেন এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আবুল হোসাইন।

২৪.৬.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেল (আইকিউএসি) এর উদ্যোগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বিভিন্ন বিভাগের সভাপতি ও ইনস্টিটিউটের পরিচালকবৃন্দের জন্য 'Accreditation Policy and Criteria' শীর্ষক দিনব্যাপি অনুষ্ঠিত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ভাষণ দেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার। এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন চবি মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর বেনু কুমার দে। কর্মশালায় সভাপতিত্ব করেন এবং উল্লেখিত বিষয়ের উপর আলোচনা করেন আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ আবুল হোসাইন।

২৪.৬.২০২১-চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য প্রখ্যাত শিক্ষাবিদ প্রফেসর মোহাম্মদ আলীর মৃত্যুতে চট্টগ্রাম বিশ্ববিদ্যারয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার ও মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর বেনু কুমার দে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

২৭.৬.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট ও ফাইন্যান্স কমিটির (এফসি) ৫৭ তম যৌথ সভা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার এর সভাপতিত্বে অনুষ্ঠিত। সভায় ২০২০-২০২১ আর্থিক সনের সংশোধিত বাজেট ৩৪৭ কোটি ৪৯ লক্ষ টাকা এবং ২০২১-২০২২ আর্থিক সনের প্রাক্কলিত বাজেট ৩৬০ কোটি ৭৯ লক্ষ টাকা অনুমোদন করা হয়।

৩০.৬.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব হল -এ সৌন্দর্যবর্ধন কর্মসূচির আওতায় হল প্রাঙ্গণে অনুষ্ঠিত বৃক্ষরোপন কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে একটি ক্রিস্টমাস ট্রির চারা রোপন এর মধ্য দিয়ে উদ্বোধন করেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার।

৩০.৬.২০২১- চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শিরীণ আখতার চবি বিভিন্ন হলের প্রভোস্ট ও আবাসিক শিক্ষকবৃন্দ, কলেজ পরিদর্শক, প্রক্টর ও সহকারী প্রক্টরবৃন্দ, পরিচালক ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা এর সাথে চবি উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভায় মিলিত হন। এসময় চবি উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর বেনু কুমার দে উপস্থিত ছিলেন।